দৈনিক ইত্তেফাক
তারিখ ... APR. 29 1999
পৃঃ ৩ ... কলাম ৫

অভিযোগ গুরুতর

# পরীক্ষার ফলাফলে কারচুপি

পার্বতীপুর (দিনাজপুর) সংবাদদাতা ॥ পার্বতীপুর শহরের মুজিবাবাদ সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষিকাদের বিরুদ্ধে চূড়ান্ত পরীক্ষার ফলাফল সম্পর্কে গুরুতর অভিযোগ পাওয়া গিয়াছে। স্কুলের পড়ুয়া ছাত্র-ছাত্রীদের প্রায় ৪০ জন অভিভাবক তাহাদের ছেলে-মেয়েদের চূড়ান্ত পরীক্ষার ফলাফল কারচুপির জন্য থানা শিক্ষা অফিসারকে লিখিত অভিযোগ জানানো সত্বেও কোন পদক্ষেপ গ্রহণ করেন নাই। ফলে অনেক ছাত্র-ছাত্রী এই স্কুলে এখন পর্যন্ত ভর্তি হয় নাই। অভিযোগে জানা

( ৭ম পৃঃ দ্রঃ )

অভিযোগ গুরুতর

(৩য় পৃঃ পর )

যায়, স্কুলের সহকারী শিক্ষিকা মেরী বানু ও মেরিনা সুলতানার কাছে যে সকল ছাত্র-ছাত্রী প্রাইভেট পড়িত শুধু তাহাদের ১ম ও ২য় বিভাগে উত্তীর্ণ করানো হইতো। আর প্রকৃত ভাল ছাত্র-ছাত্রীদের খারাপ ফলাফল দেখান হইত। তাছাড়া শিক্ষকরা যে সকল ছাত্রছাত্রীদের প্রাইভেট পড়াইত তাহাদের প্রশ্নপত্র পরীক্ষার পূর্বে দেখাইয়া দিত। থানা শিক্ষা অফিসার মোঃ নওশের আলী ও সহকারী শিক্ষা অফিসার ঘটনার সত্যতা স্বীকার করেন। তবে তাহারা স্কুল শিক্ষকদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন নাই। এব্যাপারে স্কুলের প্রধান শিক্ষক আবু নসর মুহাম্মদ আনসার উল্লাহ ফারুকী ঘটনার সত্যতা স্বীকার করিয়া জানান অভিযোগের ভিত্তিতে তিন সদস্যের তদন্ত কমিটি গঠিত হইয়াছিল এবং উহার কাজ হইয়াছে। অপর দিকে ছাত্র-ছাত্রীদের অভিভাবকবৃন্দ নিজের ছেলে-মেয়েদের স্কুলে ভর্তি করিতে না পারায় খুবই চিন্তিত আছেন। এখন পর্যন্ত প্রকৃত ঘটনার বিচার না হওয়াতে অভিভাবকবৃন্দ ক্ষুব্ধ হইয়াছেন। এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অবিলম্বে আগাইয়া আসা প্রয়োজন।

SHEETS